# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০।

web: www.btrc.gov.bd

স্মারক নং-১৪.৩২.০০০০.৪০০.১১.০০১.২১.৭৬০ তারিখ : ২২/০৩/২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ীভাবে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে http://btrc.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রঃ নং | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবে |
|---|---|---|---|---|---|
| ১. | সহকারী পরিচালক (কারিগরি) | গ্রেড-৯<br>২২০০০-৫৩০৬০ | ০৭ (সাত) | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেলিকমিউনিকেশন /ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।<br>(২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না।<br>(৩) কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান।<br>(৪) বাংলা ও ইংরেজী ভাষায় শুদ্ধভাবে লিখনে ও কথনে পারদর্শীতা। | সকল জেলা |
| ২. | সহকারী পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ) | গ্রেড-৯<br>২২০০০-৫৩০৬০ | ০১ (এক) | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>(২) পাবলিক পরীক্ষায় কমপক্ষে ০২(দুই)টি প্রথম শ্রেণী বা বিভাগ : তবে কোন তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না।<br>(৩) কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান।<br>(৪) বাংলা ও ইংরেজী ভাষায় শুদ্ধভাবে লিখনে ও কথনে পারদর্শীতা। | সকল জেলা |
| ৩. | সহকারী পরিচালক (অর্থ, হিসাব ও রাজস্ব) | গ্রেড-৯<br>২২০০০-৫৩০৬০ | ০১ (এক) | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব-বিজ্ঞান বিষয়ে স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>(২) পাবলিক পরীক্ষায় কমপক্ষে ০২(দুই)টি প্রথম শ্রেণী বা বিভাগ : তবে কোন তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না।<br>(৩) কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান।<br>(৪) বাংলা ও ইংরেজী ভাষায় শুদ্ধভাবে লিখনে ও কথনে পারদর্শীতা। | সকল জেলা |
| ৪. | উপ-সহকারী পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ) | গ্রেড-১০<br>১৬০০০-৩৮৬৪০ | ০১ (এক) | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>(২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।<br>(৩) কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান। | সকল জেলা |
| ৫. | উপ-সহকারী পরিচালক (অর্থ, হিসাব ও রাজস্ব) | গ্রেড-১০<br>১৬০০০-৩৮৬৪০ | ০২ (দুই) | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব-বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>(২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।<br>(৩) কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান। | সকল জেলা |
| ৬. | উপ-সহকারী পরিচালক (কারিগরি) | গ্রেড-১০<br>১৬০০০-৩৮৬৪০ | ০৬ (ছয়) | (১) কোন স্বীকৃত কারিগরী বোর্ড হতে টেলিকমিউনিকেশন/ ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক/কম্পিউটার প্রযুক্তি বিষয়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণীর ডিপ্লোমা।<br>(২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।<br>(৩) কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান। | সকল জেলা |
| ৭. | ব্যক্তিগত কর্মকর্তা | গ্রেড-১০<br>১৬০০০-৩৮৬৪০ | ০২ (দুই) | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>(২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।<br>(৩) মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২৫ শব্দ এবং ইংরেজীতে অন্যূন ৪০ শব্দ এবং কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান। | সকল জেলা |
| ৮. | প্রশাসনিক সহকারী | গ্রেড-১১<br>১২৫০০-৩০২৩০ | ০২ (দুই) | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।<br>(২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।<br>(৩) মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২৫ শব্দ এবং ইংরেজীতে অন্যূন ৪০ শব্দ এবং কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান। | সকল জেলা |
| ৯. | অভ্যর্থনাকারী/ পিএবিএক্স অপারেটর | গ্রেড-১১<br>১২৫০০-৩০২৩০ | ০১ (এক) | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>(২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।<br>(৩) মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২৫ শব্দ এবং ইংরেজীতে অন্যূন ৪০ শব্দ এবং কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান।<br>(৪) বাংলা এবং ইংরেজী ভাষায় কথোপকথনে পারদর্শীতা। | সকল জেলা |
| ১০. | ব্যক্তিগত সহকারী | গ্রেড-১২<br>১১৩০০-২৭৩০০ | ০৩ (তিন) | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>(২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।<br>(৩) মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২৫ শব্দ এবং ইংরেজীতে অন্যূন ৪০ শব্দ এবং কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান। | সকল জেলা |
| ১১. | কম্পিউটার অপারেটর | গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০ | ০১ (এক) | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।<br>(২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।<br>(৩) মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২৫ শব্দ এবং ইংরেজীতে অন্যূন ৪০ শব্দ এবং কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান। | সকল জেলা |
| ১২. | হিসাব রক্ষক | গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০ | ০১ (এক) | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব-বিজ্ঞান বিষয়ে স্নাতক(সম্মান)/বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।<br>(২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।<br>(৩) মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২৫ শব্দ এবং ইংরেজীতে অন্যূন ৪০ শব্দ এবং কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান। | সকল জেলা |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে :**

১। ০১ মার্চ ২০২১ তারিখে ৬নং ক্রমিকে উল্লিখিত পদের প্রার্থীদের বয়স ১৮ থেকে ৩০ বছর এবং অন্য সকল ক্রমিকে উল্লিখিত পদের প্রার্থীদের বয়স ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার (এসএসসি)/সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স গণনা করা হবে। মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর। মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের (নাতি-নাতনি) বয়সের উর্ধ্বসীমা ৩০ (ত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে;

৩। নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তিতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

৪। আবেদনকারীকে তাঁর শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত তথ্য আবেদনে উল্লেখ করতে হবে। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার বাইরে অন্য ভুল তথ্য/মিথ্যা তথ্য দ্বারা অনলাইনে আবেদন করা হলে বা কোন তথ্য গোপন করলে আবেদন বাতিল করা হবে। একই সাথে আবেদনকারী কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

৫। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না;

৬। মৌখিক পরীক্ষায় সময় নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে:

(ক) মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(খ) মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত Application Form সহ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদপত্রের একসেট ফটোকপি এবং ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে;

(গ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে;

(ঘ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক জন্মনিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(ঙ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এ ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার নাম এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার নাম উল্লেখসহ মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্কের বিষয়টি সুস্পষ্টভাবে সনদে উল্লেখ করতে হবে।

(চ) এতিম, শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(ছ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৭। এ নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ জারিকৃত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;

৮। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ অংশ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

৯। সকল পদের জন্য লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা গ্রহণ করা হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

১০। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত নির্দেশাবলি:**

(ক) আগ্রহী প্রার্থীগণ http://btrc.teletalk.com.bd এ ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ২৫ মার্চ, ২০২১, সকাল ১০:০০টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ২৫ এপ্রিল, ২০২১, বিকাল ৫:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০pixel×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষর সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online এ পূরণকৃত আবেদনপত্রে প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে বা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা বিজ্ঞপ্তিতে চাওয়া যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ কোন তথ্য দাখিল করা হলে বা বিজ্ঞপ্তির নির্দেশনা লঙ্ঘনপূর্বক কোন আবেদন পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা নিয়োগের যে কোনো পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান :** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে। উক্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে নিম্নোক্তভাবে ২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ মোট ২২৪/- (দুইশত চব্বিশ) টাকা [পরীক্ষার ফি ২০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ২৪/- টাকা] অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

প্রথম SMS: BTRC<space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।

Example: BTRC ABCDEF

Reply: Applicant's Name, Tk.224 will be charged as application fee, Your PIN is xxxxx. To pay fee Type BTRC<Space>YES<Space>PIN and send to 16222।

দ্বিতীয় SMS: BTRC<Space>YES<Space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।

Example: BTRC YES 123456789

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BTRC Recruitment Application for xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxx).

বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

(চ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী কর্তৃক এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

(ছ) প্রবেশপত্র সংগ্রহের নোটিশ http://btrc.teletalk.com.bd এবং http://btrc.gov.bd ওয়েবসাইট এ পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS যোগ্য প্রার্থীদের মোবাইল ফোন নম্বরে প্রেরণ করা হবে।

(জ) Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরেই পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল ফোন নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ঝ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন:

(i) User ID জানা থাকলে: BTRC<Space>HELP<Space>USER<Space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে। Example: BTRC HELP USER ABCDEF।

(ii) PIN জানা থাকলে: BTRC<Space>HELP<Space>PIN<Space>PIN No. লিখে 16222 নম্বরে Send করতে হবে। Example: BTRC HELP PIN 123456789.

(ঞ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নাম্বার থেকে ১২১ নাম্বারে অথবা যে কোন অপারেটরের ফোন থেকে ০১৫০০১২১১২১ নম্বরে কল করুন। এছাড়া vas.query@teletalk.com.bd এবং recruitment@btrc.gov.bd এর ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(Mail এর subject এ Organization Name "BTRC", Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্নের জন্য পরামর্শ দেয়া হলো)

১১। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২২/৩/২০২১

(মোঃ দেলোয়ার হোসাইন)
অতিরিক্ত সচিব
ও
মহাপরিচালক (প্রশাসন), বিটিআরসি।

পিএফ-২৬৭-৪৭১/২১ (৩০″×৪)